

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
Comilla Palli Bidyut Samity-4

জেনারেল ম্যানেজারের কার্যালয়ঃ
লাকসাম, কুমিল্লা।
web: www.comillapbs4.org.bd
e-mail: comillapbs4@gmail.com
Phone : 08032-51278

স্মারক নং-২৭.১২.১৯৭২.৫৭৬.৩০.০০৩.১৮.

৫০০৩

তারিখঃ ১৬ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ
০১ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ

“ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি


কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস সার্ভিস কোড এবং নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে সহকারী ক্যাশিয়ার পদে কর্মরত আগ্রহী প্রার্থীগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ- ক্যাশিয়ার।

আগ্রহী প্রার্থীগণ পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের ফটোকপি, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত (পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী) প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, সহকারী ক্যাশিয়ার পদে চাকুরীতে যোগদানের তারিখের প্রমান স্বরূপ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত প্রমানপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে লঘুদন্ড ও গুরুদন্ড প্রাপ্ত হলে সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক এবং তার বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত প্রক্রিয়াধীন নাই এই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র সহ আগামী ১৫/১০/২০১৮ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় আবেদনসহ কুমিল্লা পবিস-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লায় স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সকল সনদ পত্রের/প্রমান পত্রের ফটোকপি সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার অথবা এজিএম (প্রশাসন)/(এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।


শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী যোগ্যতা সম্পন্ন এবং ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজ্য প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।
- ০২। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে পবিস চাকুরীবিসি, পবিস নির্দেশিকা ও বাপবিবোর্ড/পবিস কর্তৃক সার্কুলার মোতাবেক বেতন ভাতা প্রদান করা হবে।
- ০৩। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
- ০৫। বিগত ০৩ (তিন) বছরের মধ্যে কোন প্রকার গুরুদন্ড প্রাপ্ত এবং ০১ (এক) বছরের মধ্যে কোন প্রকার লঘু দন্ডপ্রাপ্ত হলে এবং ০৫ (পাঁচ) বছরের মধ্যে একাধিক গুরুদন্ড এবং ০৩ (তিন) বছরের মধ্যে একাধিক লঘুদন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৭। পদোন্নতির জন্য জেলাকোটা প্রয়োজ্য নয় তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা তথা কুমিল্লা জেলার লাকসাম, নাঙ্গালকোট ও মনোহরগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করার প্রয়োজন নাই।
- ০৮। কেহ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তাকে তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।
- ০৯। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/পদত্যাগকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।
- ১১। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি বা পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো যেতে পারে।
- ১২। যে কোন আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১৩। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


(মোঃ আবুল কালাম)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশবোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো)

- ০১। নির্বাচনী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৫। ডিজিএম (কারিগরী) সদর দপ্তর/ নাঙ্গালকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ০৬। এজিএম (অর্থ/ঋএন্ডএম/প্রশাসন/সদস্য সেবা), কুমিল্লা পবিস-৪।
- ০৭। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৪।
- ০৮। অফিস কপি/ মাষ্টার কপি।


(মোঃ আবুল কালাম)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)